# উদ্ভাবন প্রকল্প ছক (Action Plan)

| | |
|---|---|
| **১. উদ্ভাবনী উদ্যোগের শিরোনাম ঃ** | ইউনিয়ন পর্যায়ে সমবায় সম্পকিত পরামর্শ কেন্দ্র স্থাপন |
| **২. সমস্যার সংক্ষিপ্ত বিবরণ ঃ** | উপজেলা হতে ইউনিয়ন পর্যায় দুরত্ব বেশি থাকায় সমবায়ীরা যথাযথ সেবা না পাওয়ার কারণে:-<br>১) সমবায়ীগণ আত্মনির্ভরশীল হয়ে ওঠেনা।<br>২) সমবায় সমিতির সদস্যগণ অফিসের সাথে যথাযথ আন্তযোগাযোগ না করার কারণে সমবায় সমিতি নিবন্ধনের পর তা অকার্যকর হয়ে পড়ে।<br>৩) সমবায় সমিতির বার্ষিক সাধারণ সভা, বাজেট প্রণয়ন ও কর্ম পরিকল্পনা তৈরি অংশগ্রহণ মুলক হয় না।<br>৪) সমিতির স্থায়ী সম্পদ সৃষ্টি ও অনেক ক্ষেত্রে নিজস্ব অফিস ঘর থাকে না।<br>৫) বিনিয়োগকৃত মূলধন ঝুঁকিতে থাকে।<br>৬) সমবায় সমিতি উৎপাদনমূখী কার্যক্রম করে না।<br>৭) সমিতিগুলো ঋণ কার্যক্রমের মধ্যে সীমাবদ্ধ থাকে।<br>৮) ব্যবস্থাপনা কমিটির সদস্যদের মধ্যে পেশাদারিত্ব সৃষ্টি হয় না। |
| **৩. সমাধান** | **১) সমাধান প্রক্রিয়ার বিবরণ ঃ**<br>সমবায় সমিতির ব্যবস্থাপনা কমিটির সদস্য ও সাধারণ সদস্যদের সঙ্গে নিবিড়ভাবে যোগাযোগ করার জন্য প্রতি ইউনিয়নে ইউনিয়ন পরিষদে (ইউনিয়ন ই-সেবা কেন্দ্রের ন্যায়) সমবায় সম্পকিত পরামর্শ কেন্দ্র স্থাপন করে সমবায় সমিতির সদস্যদের আন্তসম্পর্ক সৃষ্টির মাধ্যমে সদস্যদের আর্থ- সামাজিক উন্নয়ন সহ দেশকে উন্নয়নশীল দেশে রুপান্তর করা সম্ভব। সেবা সহজীকরণের ফলে সমবায় সমিতির সদস্যগণ আদর্শ উৎপাদনমুখী সহ বিভিন্ন ছোট ছোট প্রকল্প গ্রহণ পূর্বক তারা আর্থ সামাজিক উন্নয়ন করতে পারবে। সেক্ষেত্রে সমিতির ব্যবস্থাপনা কমিটির সদস্যদেরকে উৎপাদন বিষয়ে কৃষিসহ সরকারের বিভিন্ন সেবা মূলক প্রতিষ্ঠান ইউনিয়ন পর্যায় ট্রেড ভিত্তিক প্রশিক্ষনের মাধ্যমে সদস্যদের প্রশিক্ষণলব্দ জ্ঞান কাজে লাগিয়ে প্রতিটি ইউনিয়নে সমবায় সমিতিগুলিকে উৎপাদনমূখী সমবায় সমিতি গঠন পূর্বখ ক্ষদ্র ক্ষুদ্র সঞ্চয় মাধ্যমে মূলধন গঠন হবে ফলে সমিতির সদস্যদের ঋণ নির্ভরতা বহুলাংশে হ্রাস পাবে।<br>**২) বিদ্যমান ঃ**<br>জেলা সমবায় কার্যালয়ের ভ্রাম্যমাণ প্রশিক্ষণ দল কর্তৃক প্রশিক্ষণ প্রদান ও তদারকীর মাধ্যমে পরামর্শ প্রদান।<br>**৩) প্রস্তাবিত প্রক্রিয়ার ধাপসমুহ ঃ**<br>(ক) বিদ্যমান পদ্ধতি পরিবর্তন করে মাঠ পর্যায়ের কর্মকর্তা-কর্মচারীদের সহায়তায় সমবায় সমিতির সদস্যদের সঙ্গে নিবিড়ভাবে যোগাযোগ করে তাদের স্থানীয় চাহিদা/ প্রয়োজন নিরূপণ করে সে অনুযায়ী ভ্রাম্যমাণ প্রশিক্ষণ কোর্স আয়োজন করে শুধুমাত্র যোগ্য ও আগ্রহী প্রশিক্ষণার্থী বাছাই করে তাদেরকে প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা গ্রহণ করা।<br>(খ) নির্বাচিত ১টি ইউনিয়নের সমবায় সমিতির কার্যক্রম বহুল প্রচারের উদ্দেশ্যে সমিতির নামে ফেজবুক খোলা হবে। আদর্শ সমিতিটি ফেজবুক পেজে তাদের কর্মকান্ড তুলে ধরবে এবং এর মাধ্যমে তাদের কর্মকান্ড অন্যান্য সমিতিগুলো জানতে পারবে এবং সমবায় সমিতির আদর্শ বাস্তবায়নে উৎসাহিত হবে।<br>(গ) বিদ্যমান সরকারি সুযোগ সুবিধা সম্পর্কে অবহিত করা।<br>(ঘ) প্রকল্পভুক্ত প্রত্যেকটি সমবায় সমিতির ফেইজবুক একাউন্ট এর মাধ্যমে জেলা ও উপজেলা সমবায় কার্যালয়ের সেবা নিয়মিত এবং নিবিড়ভাবে প্রদান করা হবে। |

<table>
<tr><td>৪. কী ফলাফল তৈরি হবে ?</td><td>১) উপকারভোগীর সামাজিক অবস্থা ঃ<br>সমিতির কার্যক্রমে গতিশীলতা অর্জন, সমিতির উৎপাদিত পণ্যের বাজার সৃষ্টিকরণ সর্বোপরি সমিতিসমুহ টেকসই ও স্থায়িত্ব পাবে।<br>২) ফলাফল<br>বছরে<br><table><tr><td colspan="2">পূর্বে</td><td colspan="2">পরে</td></tr><tr><td>সময়</td><td>১২০ ঘন্টা</td><td>সময়</td><td>১২ ঘন্টা</td></tr><tr><td>খরচ</td><td>৮০০০ টাকা</td><td>খরচ</td><td>৫০০ টাকা</td></tr><tr><td>যাতায়াত</td><td>২০ বার</td><td>যাতায়াত</td><td>২ বার</td></tr></table></td></tr>
<tr><td>৫. পাইলটের স্থান ঃ</td><td>উপজেলা সমবায় কার্যালয়, যশোর সদর, যশোর ও আরবপুর ইউনিয়ন পরিষদ কার্যালয়, সদর, যশোর।</td></tr>
<tr><td>৬. বাস্তবায়ন কাল ঃ</td><td>১ (এক) বছর</td></tr>
<tr><td>৭. টিম সদস্য ঃ</td><td>৪ জন, যথা ঃ উপজেলা সমবায় অফিসার, ২ জন সহকারী পরিদর্শক ও ১ জন অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর (সদস্য)।</td></tr>
<tr><td>৮. প্রয়োজনীয় রিসোর্স ঃ</td><td>১) আর্থিক ঃ (প্রতি ইউনিয়নে)<br>ভ্রাম্যমাণ প্রশিক্ষণ তহবিল:- ৫০,০০০/- টাকা।<br>পুস্তিকা তৈরী :- ১০,০০০/- টাকা<br>২) কারিগরী ঃ<br>ল্যাপটপ, প্রজেক্টর ও অন্যান্য সামগ্রী এর মাধ্যমে ইউনিয়ন পর্যায় সহজে সেবা প্রদান করা সম্ভব।<br>৩) অন্যান্য ঃ<br>স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় এর আওতাধীন সমবায় বিভাগ সেক্ষেত্রে প্রতি ইউনিয়নে (ইউনিয়ন তথ্য সেবা কেন্দ্রের ন্যায়) সমবায় সম্পকিত পরামর্শ কেন্দ্র স্থাপনের জন্য প্রতি ইউনিয়নে ইউনিয়ন পরিষদের একটি কক্ষ বরাদ্দসহ বর্ণিত কার্যক্রম সম্পন্ন করার লক্ষ্যে স্থানীয় উপজেলা প্রশাসনের সার্বিক সহযোগিতা প্রয়োজন।</td></tr>
<tr><td>৯. রিসোর্সের যোগান</td><td>ভ্রাম্যমাণ প্রশিক্ষণের বরাদ্দ হতে প্রশিক্ষণের ব্যবস্থা করলে আলাদা বরাদ্দের প্রয়োজন হবে না। সামগ্রিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য ট্রেড ভিত্তিক বরাদ্দ প্রদান করা যেতে পারে।</td></tr>
<tr><td>১০. কর্মপরিকল্পনা</td><td>এ সঙ্গে সংযুক্ত করা হলো।</td></tr>
</table>


(রনজিত কুমার দাশ)<br>
উপজেলা সমবায় অফিসার<br>
যশোর সদর, যশোর।<br>
ফোনঃ ০২৪৭৭৭৬২৩৫৫<br>
ই-মেলঃuco.jessore@gmail.com